
বাংলাদেশ কনস্যুলেট দুবাই এর ত্রৈমাসিক নিউজলেটার

# মরুভাস্কর

**Consulate General of Bangladesh**
Dubai & Northern Emirates

Quarterly Newsletter | Volume 3 | June 2024 | www.dubai.mofa.gov.bd

- বাংলাদেশের স্বাধীনতার ৫৪তম বার্ষিকী ও জাতীয় দিবস এবং বাংলাদেশ-ইউএই'র কূটনৈতিক সম্পর্কের সুবর্ণ জয়ন্তী
- রেমিট্যান্স এওয়ার্ড ২০২৩ ও সিআইপি সংবর্ধনা
- "Investment Prospects in Bangladesh: Tech Transformation & Disruption and UAE Tax Policy" শীর্ষক সেমিনার



# মরুভাস্কর


**প্রধান পৃষ্ঠপোষক**

**বি এম জামাল হোসেন**
কনসাল জেনারেল
বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, দুবাই ও উত্তর আমিরাত

**সম্পাদক**

**মো. আরিফুর রহমান**
প্রথম সচিব (প্রেস)
বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, দুবাই ও উত্তর আমিরাত

**সম্পাদনা পরিষদ**

**মো. শাহেদুল ইসলাম**
ডেপুটি কনসাল জেনারেল, বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, দুবাই ও উত্তর আমিরাত

**আশীষ কুমার সরকার**
কমার্শিয়াল কাউন্সেলর, বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, দুবাই ও উত্তর আমিরাত

**মো. আব্দুস সালাম**
কাউন্সেলর (শ্রম), বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, দুবাই ও উত্তর আমিরাত

**মোহাম্মদ কাজী ফয়সাল**
কাউন্সেলর (পাসপোর্ট ও ভিসা), বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, দুবাই ও উত্তর আমিরাত

**মো. আশফাক হোসেইন**
কাউন্সেলর ও দূতালয় প্রধান, বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, দুবাই ও উত্তর আমিরাত

**মো. শাহরিয়ার আলম**
প্রথম সচিব (ইসিটি), বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, দুবাই ও উত্তর আমিরাত

**শাহানাজ পারভীন বিপিএম পিপিএম**
প্রথম সচিব (শ্রম), বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, দুবাই ও উত্তর আমিরাত

**বদরুল আহমেদ**
প্রথম সচিব (এনআইডি এ্যান্ড স্পোর্টস), বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, দুবাই ও উত্তর আমিরাত

**মো: সাজ্জাদ জাহির**
দ্বিতীয় সচিব (প্রটোকল), বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, দুবাই ও উত্তর আমিরাত



প্রকাশক: প্রেস উইং, বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, দুবাই ও উত্তর আমিরাত
ভিলা নং- ৩৬ ও ১৪৫, ১২৩/৩, স্ট্রীট, আবু হেইল রোড, আল উহেইদা, দেইরা, দুবাই, ইউএই

# নির্ঘণ্ট


০১ বাংলাদেশের স্বাধীনতার ৫৪তম বার্ষিকী ও জাতীয় দিবস এবং বাংলাদেশ-ইউএই'র কূটনৈতিক সম্পর্কের সুবর্ণ জয়ন্তী

০২ রেমিট্যান্স এওয়ার্ড ২০২৩ ও সিআইপি সংবর্ধনা

০৩ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী'র সঙ্গে জনশক্তি আমদানীকারক প্রতিষ্ঠানসমূহের পরিচালকদের মতবিনিময় সভা

০৪ "Investment Prospects in Bangladesh: Tech Transformation & Disruption and UAE Tax Policy" শীর্ষক সেমিনার

০৫ AIM Congress held in ADNEC, Abu Dhabi from 7th to 9th May 2024

০৬ বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬৩ তম জন্মবার্ষিকী, জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৫ তম জন্মবার্ষিকী এবং বাংলা নববর্ষ-১৪৩১ উদযাপন

০৭ দুবাইয়ে 'বাংলাদেশ টেকসই ফ্যাশন শো' আয়োজন

# বাংলাদেশের স্বাধীনতার ৫৪তম বার্ষিকী ও জাতীয় দিবস এবং বাংলাদেশ-ইউএই'র কূটনৈতিক সম্পর্কের সুবর্ণ জয়ন্তী





বাংলাদেশের স্বাধীনতার ৫৪তম বার্ষিকী ও জাতীয় দিবস এবং বাংলাদেশ-ইউএই'র কূটনৈতিক সম্পর্কের সুবর্ণ জয়ন্তী উপলক্ষ্যে ১৭ এপ্রিল ২০২৪ তারিখে দুবাইয়ের পাঁচ তারকা হোটেল র‍্যাফেলস-এ একটি জমকালো অনুষ্ঠানের আয়োজন করা হয়।

এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব রাশিদ আবদুল্লাহ আল কাসির, উপ-পরিচালক, পররাষ্ট্র মন্ত্রণালয়, দুবাই অফিস। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইমেরিটাস অধ্যাপক ড. মনজুরুল ইসলাম। এছাড়াও কূটনৈতিক কোরের সদস্যবর্গ, ব্যবসায়ী নেতা, উচ্চপদস্থ কর্মকর্তা এবং গণ্যমান্য ব্যক্তিবর্গসহ প্রায় ২০০ অতিথি এই আড়ম্বরপূর্ণ অনুষ্ঠানে অংশগ্রহন করেন। উভয় দেশের জাতীয় সঙ্গীত বাজানোর পর দুবাই ও উত্তর আমিরাতে নিযুক্ত বাংলাদেশের কনসাল জেনারেল- বি এম জামাল হোসেন সকল প্রবাসীদের অভিনন্দন জানান এবং দুই ভ্রাতৃপ্রতিম দেশের জনগণের শান্তিপূর্ণ ও সৌহার্দ্যপূর্ণ সহাবস্থানে অব্যাহত সমর্থনের জন্য সংযুক্ত আরব আমিরাতের নাগরিকদের ধন্যবাদ জানান। কনসাল জেনারেল তার বক্তব্যে গভীর শ্রদ্ধার সাথে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবার সদস্যবর্গ, মহান মুক্তিযুদ্ধে শহিদদের শ্রদ্ধাভরে স্মরণ করেন।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সাম্প্রতিক বছরগুলিতে ঘটে যাওয়া প্রতিটি ক্ষেত্রে অবিশ্বাস্য উন্নয়ন পরিদর্শন করতে তিনি সবাইকে বাংলাদেশ সফরের আহ্বান জানান। এই অনুষ্ঠানে সম্মানিত অতিথিদের জন্য বাংলাদেশ-ইউএই ৫০ বছরের কূটনৈতিক সম্পর্কের উপর একটি বিশেষ তথ্যচিত্র প্রদর্শন করা হয়। সংযুক্ত আরব আমিরাতের প্রতিষ্ঠাতা শেখ জায়েদ আল নাহিয়ানের সঙ্গে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সাক্ষাতের বিষয়বস্তু এই ভিডিও ডকুমেন্টারিতে তুলে ধরা হয়। এই বিশেষ অনুষ্ঠানে তিনি দু'দেশের অংশীদারিত্ব আগামী দিনগুলোতে আরও গভীর ও বৈচিত্রময় হবে বলে প্রত্যাশা ব্যক্ত করেন।




DAY




DEPENDENCE & NATIONAL DAY
RECEPTION - 2024






DEPENDENCE
DAY


INDEPENDENCE & NATIONAL DAY
RECEPTION - 2024
Consulate General of Bangladesh



















# রেমিট্যান্স এওয়ার্ড ২০২৩ ও সিআইপি সংবর্ধনা




গত ২৫ মে ২০২৪ তারিখ সন্ধ্যায় কনস্যুলেট প্রাঙ্গনে বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, দুবাই, এর উদ্যোগ দ্বিতীয়বারের মতো আয়োজিত হলো "রেমিট্যান্স এওয়ার্ড-২০২৩" এবং "সিআইপি সংবর্ধনা-২০২১, ২০২২ ও ২০২৩"। এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী শফিকুর রহমান চৌধুরী, এমপি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংযুক্ত আরব আমিরাতে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মো. আবু জাফর, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব খায়রুল আলম এবং আল হারামাইন পারফিউমস গ্রুপ ও এনআরবি ব্যাংক, বাংলাদেশ-এর চেয়ারম্যান মাহতাবুর রহমান নাসির, সিআইপি।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন দুবাই ও উত্তর আমিরাতের কনসাল জেনারেল জনাব বি এম জামাল হোসেন। অনুষ্ঠানে সংযুক্ত আরব আমিরাতে বসবাসরত প্রবাসী বাংলাদেশীদের মধ্যে ২০২১, ২০২২ ও ২০২৩ সালে বাংলাদেশ সরকার কর্তৃক সিআইপি মর্যাদাপ্রাপ্ত মোট ৭৫ জন ব্যবসায়ীকে সংবর্ধনা জানানো হয়। সেইসাথে বাংলাদেশে নিয়মিতভাবে বৈধপথে রেমিট্যান্স প্রেরণকারীদের মধ্য থেকে পাঁচটি ক্যাটাগরীতে সর্বমোট ৫১ জনকে "রেমিট্যান্স এওয়ার্ড-২০২৩"-এ ভূষিত করা হয়।

প্রধান অতিথির বক্তব্যে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী বলেন, বৈধপথে রেমিট্যান্স প্রেরণের মাধ্যমে নিজের মান-সম্মান-ইজ্জত বৃদ্ধি পাবে সেইসাথে দেশের উন্নয়নও তরান্বিত হবে। সিআইপিদের সংবর্ধনার পাশাপাশি রেমিট্যান্স প্রেরণকারীদেরকে সম্মাননা প্রদানের মাধ্যমে নিঃসন্দেহে বৈধপথে রেমিট্যান্স পাঠানোতে প্রবাসীরা উৎসাহিত হবে। বাংলাদেশ কনস্যুলেট, দুবাইয়ের এ উদ্যোগকে তিনি সাধুবাদ জানান।






Chief Guest with Consul General,
Special Guests and Speakers



Chief Guest: H. E. Mr. Shofiqur Rahman Choud hury, MP, Hon'ble State Minister



Special Guest: Md. Khairul Alam, Additional Secretary, Ministry of Expatriates' Welfare and Overseas Employment, Bangladesh



Special Guest: H.E. Mohammed Abu Zafar
Ambassador of Bangladesh to the UAE



B M Jamal Hossain
Consul General, Consulate General of Bangladesh, Dubai



Md. Abdus Salam
Labour Counsellor, Consulate General of Bangladesh, Dubai



Shahanaz Parvin BPM PPM
First Secretary, Consulate General of Bangladesh, Dubai



Mohammed Mahtabur Rahman, CIP
President, NRB CIP Association



Chief Guest with Awardees




Chief Guest with Awardees



Chief Guest with Awardees



Chief Guest with Awardees




Chief Guest with CIPs



Chief Guest with CIPs



Chief Guest with CIPs




Chief Guest with Awardees



Chief Guest with officers of the Consulate General



Consul General presenting memento to the Chief Guest



Distinguished Guests and community members



Distinguished Guests and community members



Distinguished Guests and community members



Chief Guest with Ambassador of Bangladesh to the UAE



Chief Guest, Consul General and Distinguished community Members



Chief Guest, Consul General and Distinguished community Members

# প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী'র সঙ্গে জনশক্তি আমদানীকারক প্রতিষ্ঠানসমূহের পরিচালকদের মতবিনিময় সভা



গত ২৫ এপ্রিল ২০২৪ তারিখে দুবাইয়ের পাঁচতারকা হোটেল হায়াত রিজেন্সিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী জনাব শফিকুর রহমান চৌধুরী এমপি'র সঙ্গে সংযুক্ত আরব আমিরাতের জনশক্তি আমদানীকারক প্রতিষ্ঠানসমূহের পরিচালকদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। এই মতবিনিময় সভায় প্রতিমন্ত্রীর সফরসঙ্গী প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণা-লয়ের অতিরিক্ত সচিব জনাব খায়রুল আলম এবং একান্ত সচিব জনাব মামুনুর রহমান, সংযুক্ত আরব আমিরাতে নিযুক্ত বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত জনাব মো. আবু জাফর, বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, দুবাই ও উত্তর আমিরাতের কনসাল জেনারেল জনাব বি এম জামাল হোসেন ও কনস্যুলেটের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

বাংলাদেশ থেকে সংযুক্ত আরব আমিরাতের যেসকল কোম্পানী জনশক্তি আমদানী করে থাকে তাদের মধ্য থেকে প্রথম সারির ১৬ টি কোম্পানীর চেয়ারম্যান/প্রধান নির্বাহী এই মতবিনিময় সভায় অংশগ্রহণ করেন। কীরূপ দক্ষ জনশক্তি বা কোন ধরনের চাহিদাসম্পন্ন জনবল তাদের প্রয়োজন কিংবা বাংলাদেশ থেকে আরও বেশিসংখ্যক জনশক্তি প্রেরণের জন্য কি কি করণীয়-সেসব বিষয়ে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী তাদের সাথে আলোচনা করেন।

মতবিনিময় সভায় বেশির ভাগ কোম্পানী ভিসা প্রসেসিংএ দীর্ঘসূত্রিতার বিষয়টি তুলে ধরেন এবং বাংলাদেশ থেকে আগত শ্রমিকদের ভাষাদক্ষতা ও আইটি দক্ষতার উন্নয়ন দরকার বলে জানান। প্রতিমন্ত্রী এ বিষয়ে সংশ্লিষ্টদের সঙ্গে আলোচনা করে ইস্যুগুলো সমাধানের উদ্যোগ নেবেন বলে আশ্বস্ত করেন।

বাংলাদেশের পক্ষ থেকে আরও অধিকসংখ্যক জনশক্তি নেয়া এবং অদক্ষ শ্রমিক ভিসা চালু করার ব্যাপারে ইউএই সরকারের সাথে আলাপ আলোচনার উদ্যোগ গ্রহনের আহবান জানানো হয়।













# “Investment Prospects in Bangladesh: Tech Transformation & Disruption and UAE Tax Policy” শীর্ষক সেমিনার আয়োজন




বাংলাদেশে বিনিয়োগ সম্ভাবনা, বর্তমান তথ্য প্রযুক্তির উৎকর্ষের সাথে প্রযুক্তির বিভ্রাট ও চ্যালেঞ্জ এবং সংযুক্ত আরব আমিরাতের Corporate Tax Policy এর উপর বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, দুবাই- এর কমার্শিয়াল উইং এর আয়োজনে দুবাইস্থ Best Western Pearl Creek Hotel Gi Banquet Hall-এ ৫মে ২০২৪ তারিখে “Investment Prospects in Bangladesh: Tech Transformation & Disruption and UAE Tax Policy” শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারে UAE Tax Policy এর বর্তমান গতিধারার উপর একটি bower Point Presentation উপস্থাপন করেন মিজ মোহসেনা খানম, FCCA, Co-Founder, De Tempte. Tech Transformation & Disruption বিষয়ের উপর একটি Power Point উপস্থাপন করেন ইঞ্জিনিয়ার শাহরিয়ার পাভেল, Chief Experience Officer, Huawei Tech (UAE) এবং বাংলাদেশে বিনিয়োগ সম্ভাবনার উপর একটি Power Point উপস্থাপন করেন বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, দুবাই-এর Commercial Counsellor আশীষ কুমার সরকার। বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, দুবাই এর মান্যবর কনসাল জেনারেল জনাব বি এম জামাল হোসেন এর সভাপতিত্বে উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বন, পরিবেশ ও জলবায়ু পরিবর্তন বিষয়ক মন্ত্রী জনাব সাবের হোসেন চৌধুরী, এমপি। Guest of Honour হিসেবে উপস্থিত ছিলেন সংযুক্ত আরব আমিরাতে বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত জনাব মো: আবু জাফর এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন Ex Ambassador of the UAE to Bangladesh H.E. Mr. Saed Mohammed Al Muhari. সেমিনারে বিশেষ অতিথি হিসাবে আরও উপস্থিত ছিলেন জনাব মাহতাবুর রহমান নাসির, Chairman & Managing Director, Al Haramain Group এবং President, Bangladesh Business Council (BBC), UAE. এই সেমিনারে প্রায় ১০০ জন বাংলাদেশী ব্যবসায়ী-/CIP, IT & ITES সংশ্লিষ্ট উদ্যোক্তার পাশাপাশি সংযুক্ত আরব আমিরাতের ফুজাইরা চেম্বার অব কর্মাস এন্ড ইন্ডাস্ট্রি-এর Secretary of the Board of Directors Mr. Khameis Mohamed Al Zeyoudi উপস্থিত ছিলেন। আরো উপস্থিত ছিলেন Sri Lankan Business Council, Dubai এর President জনাব Riza Mohammad, Indian Business & Professional Council, Dubai এর চেয়ারম্যান জনাব সুরেশ কুমার, দানিয়ুব গ্রুপ, দুবাই এর জেনারেল ম্যানেজার জনাব আরিফ ভালদার।

বক্তাগণ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশে বিনিয়োগবান্ধব যে সকল অবকাঠামো/সুবিধাদি এবং Policy Support প্রণয়ন করা হয়েছে তার সর্বোত্তম ব্যবহার করে বাংলাদেশে বিনিয়োগ এর জন্য সম্ভাব্য বিনিয়োগকারীদের আহবান জানান। পাশাপাশি বাংলাদেশী ব্যবসায়ীগণকে UAE সরকারের বর্তমান Tax Policy অনুসারে Corporate Tax & VAT সংশ্লিষ্ট আইন সুষ্ঠুভাবে পরিপালনপূর্বক UAE তে ব্যবসা পরিচালনা করার বিষয়ে সকলকে সচেষ্ট হওয়ার অনুরোধ করেন। অন্যথায় ব্যবসায়ীগণ জরিমানার মুখোমুখি হওয়াসহ তাদের ব্যবসা পরিচালনায় বিভিন্ন ধরণের সমস্যায় পড়তে পারেন বলে তাদের সতর্ক থাকতে অনুরোধ জানানো হয়।

বর্তমানে অন্যান্য দেশের তুলনায় বাংলাদেশে Remittance প্রেরণের ক্ষেত্রে সংযুক্ত আরব আমিরাত প্রথম স্থানে রয়েছে। চলমান এই Remittance প্রবাহ আরও বেগবান করার জন্য প্রবাসী ব্যবসায়ীদেরকে আহবান জানানো হয়।

বর্তমানে তথ্য প্রযুক্তি যেমন আমাদের দৈনন্দিন জীবন, ব্যবসা-বাণিজ্য এবং রাষ্ট্রীয় ক্ষেত্রে অভাবনীয় ভূমিকা পালন করছে, তেমনি এর চলমান রূপান্তরের পাশাপাশি প্রযুক্তিগত বিভ্রাট যে আমাদের জীবন ও কর্মকে কতটা Challenging করে তুলতে পারে এই বিষয়ে বক্তাগণ আলোকপাত করেন। ব্যবসায় বিনিয়োগ, প্রযুক্তি এবং করনীতি ওতপ্রোতভাবে জড়িত বলে উল্লেখ করা হয়। সেইসাথে সংযুক্ত আরব আমিরাতে বাংলাদেশী ব্যবসায়ীগণ পরিবর্তিত করনীতি সম্পর্কে অবগত হয়ে যেন ভালোভাবে ব্যবসা-বাণিজ্য করতে পারেন সে বিষয়ে উদ্বুদ্ধ করা হয়।


ladesh:
ion & UAE Tax Policy
for Environment, Forest and Climate Cha
o the UAE
adesh, Dubai & Nort
, Deira-Dubai
desh, Dubai
Consulate General of Bangladesh
Dubai & Northern Emirates


Consulate General of Bangladesh
Dubai & Northern Emirates


gladesh:
otion & UAE Tax Policy
ter for Environment, Forest and Climate Cha
h to the UAE
ngladesh, Dubai & Northern Emirates
tel, Deira-Du
gladesh, D
Consulate General of Bangladesh
Dubai & Northern Emirates


AE Tax Policy
Forest and Climate Change
Emirates
Consulate General of Bangladesh
Dubai & Northern Emirates


Thank You !
Consulate General of Bangladesh
Dubai & Northern Emirates


Flagship Projects for Facilitating Investment
Consulate General of Bangladesh
Dubai & Northern Emirates


IDEOLOGY OF SUPERHERO : 'FREEDOM FOREVER'
MERICAN HERO : WHERE THEY COME INTO THE CONFLECT WITH
BUT ULTIMATLY GET LET OFF AND HELP THEM


UAE TAX
POLIC
By Mohsena Khanom




Seminar














# AIM Congress held in ADNEC, Abu Dhabi from 7th to 9th May 2024






The AIM (Annual Investment Meeting) Congress 2024, the premier global investment platform, held in Abu Dhabi from 7th to 9th May 2024, under the theme “Adapting to a Shifting Investment Landscape: Harnessing New Potential for Global Economic Development”.

Hon'ble Finance Minister H.E. Mr Abul Hassan Mahmud Ali, MP led the Bangladesh Delegation in the different events there. Besides the Congress, Hon'ble Finance Minister had bilateral meetings with the Minister of State for Foreign Trade and Vice Chairman of the UAE Industry Development Council H.E. Dr. Thani Bin Ahmed Al Zeyoudi and the Top executives of the Asian Infrastructure Investment Bank (AllB), Abu Dhabi Hub. Commercial Counsellor of Bangladesh Consulate General, Dubai- Mr. Ashish Kumar Sarkar attended this program as a member of the Bangladesh delegation.

This annual gathering, organized by the AIM Global Foundation, bring together industry leaders, policymakers, investors, entrepreneurs, and experts from around the world to explore innovative strategies and opportunities for economic growth and prosperity, with the participation of more than 900 speakers and the organization of over 450 dialogue sessions, 7 high-level roundtable meetings, and 27 side events.

These forums provide a platform for stakeholders to discuss regional challenges, explore collaborative solutions, and identify opportunities for mutual growth and prosperity.









# বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬৩ তম জন্মবার্ষিকী, জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৫ তম জন্মবার্ষিকী এবং বাংলা নববর্ষ-১৪৩১ উদযাপন



বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, দুবাই ও উত্তর আমিরাতের উদ্যোগে গত ৮ জুন ২০২৪ তারিখে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬৩ তম জন্মবার্ষিকী, জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৫তম জন্মবার্ষিকী এবং বাংলা নববর্ষ-১৪৩১ উদযাপন উপলক্ষ্যে "রবীন্দ্র-নজরুল ও বৈশাখ" শিরোনামে একটি সাংস্কৃতিক আলেখ্য অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

কনসাল জেনারেল বি এম জামাল হোসেনের সভাপতিত্বে এবং সঞ্চালনায় অনুষ্ঠিত এ অনুষ্ঠানে আরব আমিরাতে বসবাসরত প্রবাসী বাংলাদেশী শিল্পীবৃন্দ গান পরিবেশন এবং কবিতা আবৃত্তি করেন।

এ উপলক্ষ্যে কনস্যুলেট প্রাঙ্গণে আলপনা আঁকা হয় এবং বৈশাখের আবহে সজ্জিতকরণ করা হয়।

কনসাল জেনারেল বি এম জামাল হোসেন বলেন, "বাংলা সাহিত্যের দুই দিকপাল- বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর এবং বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামকে আমরা স্মরণ করছি এই অনুষ্ঠানের মাধ্যমে। সেইসাথে বঙ্গাব্দ-১৪৩১, নতুন বর্ষবরণ, বৈশাখের আগমন উপলক্ষ্যে এই দুই কবির বিভিন্ন গান ও কবিতা পরিবেশনের মাধ্যমে অত্যন্ত আনন্দময় এবং নতুন প্রজন্মের জন্য শিক্ষনীয় একটি অনুষ্ঠান আয়োজন করা হলো।"

অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিবৃন্দের জন্য পান্তা-ইলিশ এবং বিভিন্ন বাংলাদেশী খাবার পরিবেশন করা হয়।






বক্তব্য রাখছেন মান্যবর কনসাল জেনারেল জনাব বি এম জামাল হোসেন



বক্তব্য রাখছেন কনস্যুলেট লেডিস গ্রুপের সভাপতি মিসেস আবিদা হোসেন



রবীন্দ্র সঙ্গীত গাইছেন শিল্পী ইয়াসমিন মেরুনা



নজরুলগীতি গাইছেন শিল্পী জসিম উদ্দিন পলাশ




কবিতা আবৃত্তি করছেন মিসেস আবিদা হোসেন




রবীন্দ্র সঙ্গীত গাইছেন শিশুশিল্পী রুহীন হোসেন




কবিতা আবৃত্তি করছেন জনাব আশীষ কুমার সরকার



নজরুলগীতি গাইছেন শিশুশিল্পী মাইশা

# ‘রবীন্দ্র-নজরুল ও বৈশাখ’ অনুষ্ঠানের কিছু স্থিরচিত্র


















# দুবাইয়ে 'বাংলাদেশ টেকসই ফ্যাশন শো' আয়োজন



বাংলাদেশের যেসব ডিজাইনার টেকসই পোশাক নিয়ে কাজ করছেন, তাঁদের পাশে দাঁড়ানোর উদ্দেশ্যে সংযুক্ত আরব আমিরাতের দুবাইয়ে বিশ্বের অন্যতম সাত তারকা হোটেল আটলান্টিসে বাংলাদেশি সাস্টেনিবিলিটি ফ্যাশন শো'র আয়োজন করা হয় ।

গত ১১ই জুন ২০২৪ তারিখে বাংলাদেশ কনস্যুলেট লেডিস গ্রুপের সভাপতি আবিদা হোসেনের ব্যবস্থাপনায় বিশ্বের বিভিন্ন দেশের কূটনীতিকদের নিয়ে জমকালো এ আয়োজন করা হয় যেখানে বাংলাদেশের ভৌগোলিক নির্দেশক বা জিআই পণ্য প্রদর্শিত হয়।

দেশের অর্থনৈতিক পবৃদ্ধিতে শিল্পের গুরুত্বপূর্ণ ভূমিকা এবং ক্রমাগত উদ্ভাবন ও টেকসই চর্চার গুরুত্বের ওপর জোর দিতে এই আয়োজন বলে জানান আয়োজক আবিদা হোসেন।

তিনি বলেন, 'পলিয়েস্টারের পোশাক তৈরিতে জীবাশ্ম জ্বালানির প্রয়োজন হয় এবং পুরোনো অবস্থায় ফেলে দেওয়ার পর এগুলো মাটির সঙ্গে মিশে যেতে অনেক সময় লাগে। জৈব তুলা উৎপাদনে অন্যান্য তুলার চেয়ে কম পানি লাগে এবং এতে ক্ষতিকর কীটনাশক ব্যবহার করা হয় না। পোশাক কেনার সময় পরিবেশ বিষয়ক আন্তর্জাতিক সনদ আছে কি না, সেদিকেও লক্ষ্য রাখতে হবে। বাংলাদেশ পরিবেশবান্ধব টেকসই পণ্যের প্রতি জোর দিচ্ছে। আমরা বিশ্বকে সেটিই অবগত করতে চাই।'

আয়োজনের মধ্যে ছিল ফ্যাশন শো, দেশীয় পণ্য জুট ব্যাগ ও মাটির তৈরি পণ্যের উপস্থাপনা। ড. হুমায়রা নাজনীনের উপস্থাপনায় দুবাইয়ে নিযুক্ত বাংলাদেশ, মিশর, বাহরাইন, ভারত, ইতালি, ইরাক, ইন্দোনেশিয়া, ওমান, মরক্কো, সিঙ্গাপুর, তাজাকিস্তান, উজবেকিস্তান, ইউক্রেন, রাশিয়া, গ্রানাডা, নেদারল্যান্ডস, পেরু, সাউথ কোরিয়া, রোমানিয়াসহ বিশ্বের ২০ টি দেশের কনসাল জেনারেলদের সহধর্মিণীগণ উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মান্যবর কনসাল জেনারেল জনাব বি এম জামাল হোসেন। তিনি বলেন- "পৃথিবীর বুকে বাংলাদেশ একটি অমিত সম্ভাবনার দেশ। এদেশের মেহনতি মানুষ তাদের আপন শৈল্পিক কারুকার্যের মাধ্যমে অনন্য সাধারণ সামগ্রী প্রস্তুত করে বিশ্ব দরবারে বাংলাদেশের সুনাম ও খ্যাতি বৃদ্ধি করেছে। মাটি, বায়ু, পানি, পরিবেশ এবং কারিগরদের দক্ষতা স্বতন্ত্র ও অনন্য বৈশিষ্ট্যের কারণে এ ভূখন্ডের আনাচে-কানাচে ছড়িয়ে রয়েছে অসংখ্য ভৌগোলিক নির্দেশক বা জিআই পণ্য। তা ছড়িয়ে দিতে হবে বিশ্বময়।"




H. E. Consul General B M Jamal Hossain
with Diplomatic Ladies group Members


Some participants in the Bangladeshi Sustainability Fashion Show


Fashion Show Ramp Walk


Fashion Show Ramp Walk


Fashion Show Ramp Walk


Fashion Show Ramp Walk


Fashion Show Ramp Walk


Display of Bangladeshi Products


Display of Bangladeshi Products


Display of Bangladeshi Products



Display of Bangladeshi Products



Display of Bangladeshi Products



Display of Bangladeshi Products


Display of Bangladeshi Products



Display of Bangladeshi Products



Display of Bangladeshi Products

# বাংলাদেশ কনস্যুলেট জেনারেল দুবাই ও উত্তর আমিরাত-এর অনলাইন মাধ্যম

বাংলাদেশ কনস্যুলেট জেনারেল এর নিজস্ব ওয়েবসাইট রয়েছে যেখানে কনস্যুলেটের সকল গুরুত্বপূর্ণ তথ্য ও গৃহীত কার্যক্রমের বিস্তারিত বিবরন আপলোড করা আছে।
ওয়েবসাইটের লিংক: www.dubai.mofa.gov.bd

আপনাদের অবগতির জন্য আরও জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কনস্যুলেট জেনারেল কর্তৃক ওয়েবসাইটটি আরও তথ্যবহুল, দৃষ্টিনন্দন ও আধুনিক করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

এছাড়াও বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, দুবাই ও উত্তর আমিরাত- এর একটি ফেসবুক পেজ রয়েছে যেখানে কনস্যুলেটের বিভিন্ন অনুষ্ঠান, ছবি, তথ্য, ভিডিও ফুটেজ, জনগুরুত্বপূর্ণ নোটিশ, মিডিয়া রিপোর্ট নিয়মিত আপলোড করা হয়ে থাকে।

বাংলাদেশ কনস্যুলেট জেনারেল-এর ফেসবুক পেজের শিরোনাম:-
Consulate General of Bangladesh - Dubai, UAE

বাংলাদেশ কনস্যুলেট জেনারেল-এর ফেসবুক পেজের লিংক:
https://www.facebook.com/cgbduae

এর পাশাপাশি বাংলাদেশ কনস্যুলেট জেনারেল-এর একটি ইউটিউব চ্যানেল রয়েছে।

বাংলাদেশ কনস্যুলেট জেনারেল-এর ইউটিউব চ্যানেলের নাম:-
Bangladesh Consulate General, Dubai, UAE
ইউটিউব চ্যানেলের লিংক:
https://www.youtube.com/@bangladeshconsulategeneral2122

এখানে বাংলাদেশ কনস্যুলেটের বিভিন্ন অনুষ্ঠানের ভিডিও, প্রোমো, সাক্ষাৎকার ও অন্যান্য ভিডিও আপলোড করা হয়ে থাকে।

বাংলাদেশ কনস্যুলেট জেনারেল
দুবাই ও উত্তর আমিরাত

বাংলাদেশ কনস্যুলেট জেনারেল
দুবাই ও উত্তর আমিরাত